মেহেরপুরে হার পাওয়ার প্রকল্পের ল্যাপটপ বিতরণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) মন্ত্রণালয়ের উদ্যোগে পরিচালিত ‘হার পাওয়ার’ প্রকল্পের আওতায় মহিলা কল সেন্টার এজেন্ট ব্যাচের প্রশিক্ষণার্থীদের মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর দারুল উলুম আহমদিয়া কামিল মাদ্রাসা মিলনায়তনে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো: খায়রুল ইসলাম। সভাপতিত্ব করেন সদর উপজেলা সহকারী প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস।

ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন জান্নাতুল ফেরদৌস ও সোনিয়া আক্তার।

উল্লেখ্য, ছয় মাসব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রমে মোট ২৫ জন নারী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তাদের কর্মসংস্থানের সুযোগ তৈরি ও প্রযুক্তি ব্যবহারে সক্ষম করে তোলার লক্ষ্যেই এই ল্যাপটপ বিতরণ করা হয়।

ঝিনাইদহে কৃষকদের বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলায় ৮’শত কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির আওতায় পাটের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) সকালে সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের সামনে এ সার ও বীজ বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ নূর-এ-নবী’র সভাপতিত্বে বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী। সেসময় অতিরিক্ত কৃষি কর্মকর্তা মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় সদর উপজেলার ৮’শত কৃষকের মাঝে জনপ্রতি ১ কেজি উন্নতজাতের পাটের বীজ, ৫ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিস সূত্রে জানাযায়, এ নিয়ে ঝিনাইদহ সদর উপজেলায় মোট ৮’শ কেজি পাট বীজ ও ৮ মেট্রিক টন সার বিতরণ করা হয়েছে।

কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করেছেন স্থানীয় কৃষি অফিস।

বুধবার দুপুরে উপজেলা চত্বর থেকে এ সব সামগ্রী বিতরন করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় উফশী আউশ ধান ও পাট ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম,কৃষি অফিসার জাহিদ হোসেন, অতিরিক্ত কৃষি অফিসার নাজমুল সাকিব, টিপু সুলতান।

এ বছর তিন হাজার ক্ষুদ্র ও প্রান্তিক চাষির মাঝে পাঁচ কেজি উফসি আউশ ধানের বীজ, দশ কেজি করে ডিওপি ও দশ কেজি এমওপি সার দেয়া হয়েছে।

এ ছাড়া দুইশ জন চাষির মাছে ১ কেজি করে পাট বীজ, ৫ কেজি করে ডিওপি ও পাঁচ কেজি করে এমওপি সার বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে জেলা যুবদলের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে ৫০০ দরিদ্র ও অসহায় মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

রবিবার (৩০ মার্চ) সকাল ১১টায় মেহেরপুর জেলা যুবদলের অফিস কার্যালয়ে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য বখতিয়ার হোসেন, মেহেদী হাসান রোলেক্স, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, রিপন আলীসহ জেলা যুবদলের নেতাকর্মীরা।

ঝিনাইদহে বিএনপির উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহ সদরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দিকনির্দেশনা অনুযায়ী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ড্যাবের কেন্দ্রীয় নেতা ডা. ইব্রাহিম রহমান বাবুর পক্ষ থেকে তিন শতাধিক দুস্থ অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার(২৯ মার্চ) বিকেলে উপজেলার পোড়াহাটি ইউনিয়ন পরিষদ চত্ত্বরে এ সকল খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

খাদ্য সামগ্রীর মধ্যে ছিল সেমাই, চিনি, গুড়াদুধ, চাল, পেয়াজ ও আলু । এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা আব্দুর রশিদ মল্লিক, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক মো. সাকিব হোসেন, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আবেদ আলী মণ্ডল প্রমুখ।

মেহেরপুরে হেযবুত তওহীদের উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার নিশিপুর জামে মসজিদের উদ্যোগে ২ শত অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।
গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে নিশিপুর জামে মসজিদ প্রাঙ্গনে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

হেযবুত তওহীদের ইমাম জনাব হুসাইন মুহাম্মদ সেলিম এর নির্দেশনায় এবং মেহেরপুর জেলা হেযবুত তওহীদের আয়োজনে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের অসহায় পরিবারের মাঝে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়। এ সময় বক্তব্য রাখেন, হেযবুত তওহীদ আন্দোলনের কুষ্টিয়া-মেহেরপুর অঞ্চলের আঞ্চলিক সভাপতি জসেব উদ্দীন, মেহেরপুর জেলা শাখার সভাপতি সাহারুল ইসলাম, গাংনী উপজেলা সভাপতি আরিফুল ইসলাম প্রমূখ।

ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রকৃত ইসলাম

প্রতিষ্ঠিত হলে সাহায্য করার মত সমাজে আর কোন অসহায় মানুষ খুজে পাওয়া যাবে না।

ধনীরা সম্পদ মাথায় করে দরিদ্রদের খুজে ফিরবে সাহায্য করার জন্য। আজ মানুষ প্রকৃত ইসলাম থেকে অনেক দুরে। শুধুমাত্র কিছু আচার অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ ইসলাম।

মানুষ যদি আবার আল্লাহর দেওয়া জীবন বিধানকে মেনে নেয় তাহলে সকল সমস্যার সমাধান হয়ে যাবে। মানুষ অনাবিল সুখ ও শান্তিতে বসবাস করবে।

দামুড়হুদায় এসএসসি ৯২ ব্যাচের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

দামুড়হুদায় এসএসসি ৯২ ব্যাচের বন্ধুদের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। “এসো বন্ধু স্মৃতির টানে, মিলি আমরা প্রাণের বন্ধনে” এই স্লোগানকে সামনে রেখে শনিবার বেলা ১০টার সময় দামুড়হুদা উপজেলা অডিটোরিয়াম হলে এই ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

এসএসসি ৯২ ব্যাচের আয়োজনে সমাজের পিছিয়ে পড়া, গরীব ও অসহায় ২৭২টি পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী, নগদ অর্থ ও সেলাই মেশিন বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে.এইচ. তাসফিকুর রহমান।

তিনি বলেন, “এটি একটি মহৎ উদ্যোগ। এসএসসি ৯২ ব্যাচের বন্ধুদের এক প্ল্যাটফর্মে এনে সমাজের অবহেলিত মানুষের সাথে ঈদের আনন্দ ভাগ করে নেওয়ার এই প্রচেষ্টা প্রশংসনীয়। এতে বন্ধন আরও দৃঢ় হয় এবং সমাজের প্রতি দায়িত্ব পালনের মাধ্যমে আত্মিক শান্তি লাভ করা যায়।” তিনি এসএসসি ৯২ ব্যাচের সকল সদস্যকে এমন মহতী উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা এসএসসি ৯২ ব্যাচের সভাপতি নাসির উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহ-সভাপতি ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম ভুট্টু, সাধারণ সম্পাদক আল হেলাল রাজা, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহফুজুর রহমান বেল্টু, সাংগঠনিক সম্পাদক আব্দুল খালেক, অর্থ ও দপ্তর বিষয়ক সম্পাদক একরামুল হক।

এছাড়া উপস্থিত ছিলেন সাইফুল ইসলাম, মজিবার হালসোনা, শহিদুল ইসলাম, আব্দুল মমিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট টিটন, মহিলা বিষয়ক সম্পাদিকা রেহেনা মান্নান, প্যাকেটিং ও বিতরণ কমিটির আহ্বায়ক আলাউল হক, বাপ্পি, বাদশা, মমিন, আশরাফুল, শাহিন, মিজানুর, মামুন, এনামুল, সিরাজুল, আলিমুল হাকিম, আবু সাঈদ, আসাদুর রহমান বাদশা, আব্দুর রশিদ, সামাদ, ইকবাল হোসেন, আজাদসহ উপজেলার এসএসসি ৯২ ব্যাচের অন্যান্য বন্ধুরা।

অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইব্রাহিম হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেমনগর বিপ্রদাস মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আব্দুল খালেক।

মেহেরপুরে বিএনপি নেতা ফজলুর রহমানের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ব্যবসায়ী ও বিএনপি নেতা ফজলুর রহমানের উদ্যোগে ২ শত অসহায় মানুষদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

শনিবার (২৮ মার্চ) সকাল দশটার দিকে সদর উপজেলার শ্যামপুর

ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের নীল মনি পাড়ায় এ ঈদ উপহার বিতরণ করা হয়।

ব্যবসায়ী ও বিএনপি নেতা ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান সাতু ও আনসারুল হক।

এছাড়াও এসময় জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দীন মনা, শামসুর রহমান সুইট, সৌরভ আসিফ ইমন, আমিজুর রহমান, মিলন হোসেন, আরিফুজ্জামান, শাহিরুল ইসলাম, মোয়াজ্জেম, নাঈমসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে এনসিপির ঈদ সামগ্রী বিতরণ

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর উদ্যোগে মেহেরপুরের গাংনীতে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

শুক্রবার বেলা ১১টার দিকে গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের হলরুমে এ উপহার সামগ্রী বিতরণ করা হয়।

এনসিপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মুখ্য সমন্বয়ক ও সুপ্রিম কোর্টের আইনজীবী সাকিল আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঈদ উপহার বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা শাখার সদস্য সচিব মুজাহিদুল ইসলাম, শামীম আহমেদ আজম, সংগঠক আমির হামজা, মোহাম্মদ আব্দুল্লাহ মাহমুদ, ফরিদুল আলম পান্না, তানভীর মেহেদী ইমন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সম্পাদক মিয়াদুল ইসলাম, সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান ও স্কুল শিক্ষক সামসুল হুদা।

গাংনী উপজেলার প্রায় আড়াইশো পরিবারের মধ্যে ঈদ উপহার প্রদান করা হয়। উপহারসামগ্রীর মধ্যে চাল, তেল, চিনি, সেমাই, লবণ ও আটা ছিল।

এসময় তুর্কি জনগণের পাঠানো গিফট বক্সও উপহার হিসেবে বিতরণ করা হয়।

মেহেরপুরে ঈদ আনন্দ ছড়িয়ে দিতে ফ্রেন্ডস চ্যারিটির উপহার বিতরণ

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এণ্ড কলেজের এসএসসি-২০২১ এর প্রাক্তন শিক্ষার্থীদের দ্বারা প্রতিষ্ঠিত “ফ্রেন্ডস চ্যারিটি” এর পক্ষ থেকে মেহেরপুরের ৪৮টি গরীব-দুস্থ পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

এই উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল, গরীব-দুস্থ পরিবারের সদস্যদের মধ্যে ঈদের আনন্দ ছড়িয়ে দেয়া, যাতে তারা ঈদকে আরও আনন্দময়ভাবে উদযাপন করতে পারেন।

এছাড়া, “ফ্রেন্ডস চ্যারিটি” ২০২৩ সালে তাদের প্রতিষ্ঠার পর থেকেই মানবিক কাজের মাধ্যমে সমাজে অবদান রেখে আসছে। শীত বস্ত্র বিতরণ, অসহায়দের চিকিৎসায় সহায়তা প্রদান, এবং বন্যার্থদের পাশে দাঁড়ানোর মতো বিভিন্ন কল্যাণমূলক কাজ তারা নিয়মিতভাবে করে যাচ্ছে।

এই ঈদ উপহার বিতরণের সময় “ফ্রেন্ডস চ্যারিটি” এর সদস্যরা, যারা তাদের নিজেদের হাতে উপহারগুলো বিতরণ করেন এবং উপকারভোগীদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করেন।

“ফ্রেন্ডস চ্যারিটি” এর প্রতিষ্ঠাতা সদস্যরা জানিয়েছেন, তারা ভবিষ্যতে আরও বড় পরিসরে এই ধরনের কার্যক্রম চালিয়ে যেতে চান, যাতে সমাজের প্রতিটি অংশের মানুষই ঈদ এবং অন্যান্য উৎসবগুলো আনন্দের সাথে উদযাপন করতে পারেন।